



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

[www.mor.gov.bd](http://www.mor.gov.bd)

### গোপনীয়তার নীতিমালা

এই ওয়েবসাইটে ([www.mor.gov.bd](http://www.mor.gov.bd)) সকল ব্যক্তিগত তথ্যাবলির গোপনীয়তা সংরক্ষণ করা হবে। আপনার ব্যক্তিগত তথ্যাবলি প্রদান না করেও এই ওয়েবসাইট ব্রাউজ করতে পারবেন। যদি আপনার সম্পর্কিত কোন তথ্য প্রদানের প্রয়োজন হয়, সেক্ষেত্রে সেসকল তথ্যাবলি সংরক্ষণ করা হবে। প্রয়োজনে অন্যান্য সরকারি দপ্তর/সংস্থার সঙ্গে এসকল তথ্য বিনিময় করা হতে পারে। যেসকল তথ্য সংগ্রহ করা হবে তা শুধুমাত্র দাপ্তরিক উদ্দেশ্যে, অভ্যন্তরীণ পর্যালোচনা, ওয়েবসাইটের কনটেন্টের মানোন্নয়নের ক্ষেত্রে ব্যবহৃত হবে। বাণিজ্যিক উদ্দেশ্যে আপনার তথ্যাবলি ব্যবহার করা হবে না। কোন ধরনের আইনী প্রয়োজন যেমন-সার্চ ওয়ারেন্ট কিংবা কোর্ট অর্ডারের ক্ষেত্রে বাংলাদেশ সরকার যে কোন ব্যক্তির ব্যক্তিগত তথ্য প্রকাশ করতে পারে।

আপনি যখন ওয়েবসাইটের মাধ্যমে ই-মেইল, কোন জরিপে অংশগ্রহণ, কোন বিষয়ে মতামত প্রদান অথবা যোগাযোগের ক্ষেত্রে কোন তথ্য আদান-প্রদান করে থাকেন, সেসকল তথ্যাবলি সংরক্ষণ করা হবে।

আপনার প্রশ্নের সঠিক উত্তর প্রদানের জন্য আপনার তথ্যগুলো প্রয়োজনে অন্যান্য সরকারি এজেন্সি/ব্যক্তির নিকট প্রেরণ করা হতে পারে।

ওয়েবসাইট ব্যবহারকারীগণ ই-মেইল অথবা ফরম পূরণে যেসকল গোপনীয় তথ্য যেমন-গোপনীয় তথ্যাবলি, পাসওয়ার্ড, ক্রেডিট কার্ড নম্বর ইত্যাদি প্রয়োজন না হলে তা প্রদান না করার জন্য অনুরোধ করা হচ্ছে। রেলপথ মন্ত্রণালয় এক্ষেত্রে এ ধরনের তথ্যের অপব্যবহার বা ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে না।

এই ওয়েবসাইটটিতে সরকারের অন্যান্য প্রতিষ্ঠানের (মন্ত্রণালয়,বিভাগ দপ্তর, সংস্থা ইত্যাদি)সঙ্গে লিংক প্রদান করা হয়েছে। আপনি যখন একই সময়ে এইসাইট-এর সঙ্গে লিংককৃত অন্যসাইট ব্যবহার করবেন, সেক্ষেত্রে নতুন সাইটের গোপনীয়তার নীতিমালা প্রযোজ্য হবে।

কোন প্রকার নোটিশ ব্যতীত রেলপথ মন্ত্রণালয় যেকোন সময় এই নীতিমালা সংশোধন করতে পারবে। যেসকল তথ্যাদি বর্তমান নীতিমালার অধিনে সংরক্ষণ করা হয়েছে সে তথ্যগুলোর ক্ষেত্রে এসব শর্তাবলি প্রযোজ্য হবে। নীতিমালা পরিবর্তনের পর যদি কোন তথ্য সংগ্রহ করা হয় তা অবশ্যই পরিবর্তিত নীতিমালার মাধ্যমে পালনীয় হবে।